**আকাশবাণী শিলচর**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**EVENING NEWS BULLETIN**

**BENGALI**

**30 OCTOBER 2024** **7:45—7:55 PM IST**

==========================================================

১। সমগ্র দেশের সঙ্গে আসামেও আলোর উৎসব দীপাবলী পালনের ব্যাপক প্রস্তুতি /সবুজ দীপাবলী উদযাপন করতে জনসাধারণের প্রতি রাজ্য সরকারের আহ্বান ।

২। দীপাবলী উপলক্ষে অযোধ্যার রাম মন্দিরে ২৮ লক্ষ প্রদীপ প্রজ্জ্বলনের মাধ্যমে বিশ্বরেকর্ড সৃষ্টির প্রস্তুতি ।

৩। বরাক উপত্যাকার তিন জেলায় আজ চৌদ্দবাতি ও চৌদ্দশাকের মাধ্যমে ভূত চতুর্দশী পালিত ।

এবং

৪। ২০০৮ সালের আজকের দিনটিতে উগ্রপন্থীর ধারাবাহিক বোমা বিস্ফোরণের ঘটনায় নিহত লোকেদের প্রতি মুখ্যমন্ত্রী সহ বিভিন্ন দল সংগঠনের শ্রদ্ধাঞ্জলি ।

---

সমগ্র দেশে আলোর উৎসব দীপাবলী উৎসাহ উদ্দীপনায় পালন করার জন্য ব্যাপক প্রস্তুতি শুরু হয়েছে । অযোধ্যায় রামজন্মভূমি মন্দিরেও প্রথম দীপাবলী উৎসবের আয়োজন প্রায় সম্পূর্ণ হয়ে উঠেছে । সেখানে ২৮ লক্ষ প্রদীপ প্রজ্জ্বলনের মাধ্যমে নতুন বিশ্ব রেকর্ড গড়ার প্রস্তুতি সম্পূর্ণ হয়েছে বলে জানা গেছে । রাম মন্দির প্রাঙ্গণে এইবার অনুষ্ঠেয় দীপাবলী উৎসব বিশেষভাবে ব্যতিক্রমী হবে বলে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মত প্রকাশ করেছেন। অযোধ্যায় নবনির্মিত রামমন্দিরের অভিষেকের পর

দীপোৎসব-২০২৪ হিসেবে উদযাপন করতে যাওয়া এই প্রথম বছরের দীপাবলীর জন্য উত্তর প্রদেশ সরকার বিশেষ কার্যসূচী রূপায়ণ করবে । সরযূ নদীর তীরে ২৮ লক্ষ প্রদীপ প্রজ্জ্বলন করে রামমন্দিরকে আলোকোজ্জ্বল করে তোলা হবে বলে প্রকাশ করা হয়েছে ।

আসামেও দীপাবলী উৎসব উপলক্ষে গুয়াহাটি শহর সহ সর্বত্র উৎসবের মেজাজ পরিলক্ষিত হয়েছে । রাজ্যের বিভিন্ন প্রান্ত অস্থায়ী দোকান করে বিক্রেতারা মাটির প্রদীপ, বাজি-পটকা ইত্যাদির পসরা সাজিয়ে রেখেছেন । পূজোর সামগ্রী সহ বাজারে বিভিন্ন ধরণের বৈদ্যুতিক আলোর বেচাকেনাও জোরদারভাবে চলছে । এদিকে প্রদূষণ নিয়ন্ত্রণ পর্ষদ সবাইকে সবুজ দীপাবলী উদযাপন করার আহ্বান জানিয়েছে । দীপাবলী ও ছটপূজোর সময় সার্বিক শান্তি-শৃঙ্খলা, সুরক্ষা ও শব্দদূষণ রোধ করার স্বার্থে এবং সুপ্রীম কোর্টের ও পরিবেশ সুরক্ষা নিয়ম-১৯৮৬'এর প্রতি সম্মান জানিয়ে ভারতীয় নাগরিক সংহিতার সুরক্ষা ধারার অধীনে নগাঁও জেলায় জারি করা নিশেধাজ্ঞা অনুসারে দীপাবলীর দিন রাত দশটা পর্যন্ত এবং ছটপূজোর দিন সকাল ছ'টা থেকে ১০ টা পর্যন্ত বাজি ফোটানোর অনুমতি দেওয়া হয়েছে । কাছাড়, করিমগঞ্জ ও হাইলাকান্দি জেলায়ও বাজি ফোটানোর ক্ষেত্রে কিছু নিষেধাজ্ঞা আরোপ করা হয়েছে ।

অন্যদিকে কেন্দ্রীয় প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং আজ তেজপুর এসেছেন । তার অরুণাচল প্রদেশের ভারত-চিন সীমান্তে সেনা জওয়ানদের সঙ্গে আগামীকাল দীপাবলী উদযাপনের কথা রয়েছে।

---

এদিকে সমগ্র আসামের সঙ্গে বরাক উপত্যকায়ও আলোর উৎসব দীপাবলী ও কালীপূজো পালনের জন্য ব্যাপক প্রস্তুতি শুরু হয়েছে । উপত্যকার তিন জেলায় আজ স্থানীয় জনসাধারণ দীপাবলীর আগের দিন চৌদ্দশাক খেয়ে সন্ধ্যায় চৌদ্দপুরুষের উদ্দেশ্যে বাতি দিয়েছেন । প্রচলিত ধারণা অনুসারে কার্তিক মাসের এই ভূত চতুর্দশী তিথিতে পূর্বপুরুষদের উদ্দেশ্যে প্রদীপ জ্বালিয়ে লোকজন তাদের কাছ থেকে আশীর্বাদ কামনা করে থাকেন । আজ সন্ধ্যায় বরাক নদী সহ উপত্যকার ছোট বড় নদী, বিল, পুকুর ইত্যাদি জলাশয়ে কলার ভেলায় চৌদ্দটি প্রদীপ জ্বালিয়ে ভাসিয়ে দিতে দেখা গেছে । এছাড়া কাছাড়, করিমগঞ্জ ও হাইলাকান্দি জেলার গ্রাম শহর সর্বত্র বিভিন্ন ক্লাব, সংগঠনের উদ্যোগে এবং পাড়ায় কালীপূজোর আয়োজন করা হচ্ছে । আগামীকাল কালীপূজো উপলক্ষে মন্ডপগুলিকে সুন্দর করে সাজিয়ে তোলা হচ্ছে । করিমগঞ্জ শহরের সপ্তর্ষি ক্লাব আয়োজিত এবছরের সর্বজনীন কালীপূজো এবছর বাইশ তম বর্ষে পা দিয়েছে। তাদের এবারের পূজোর মূল বৈশিষ্ট্য হচ্ছে- কালীর প্রতিমাটি লবঙ্গ, এলাচ

ইত্যাদি মশলা দিয়ে প্রস্তুত করা হয়েছে । এছাড়া শিলচর শহরের শ্মশানঘাট, রামকৃষ্ণ মিশন, শ্যামানন্দ আশ্রম, মাছিমপুর কালীবাড়ী, উধারবন্দ কালীবাড়ী ইত্যাদি মন্দিরেও যথানিয়মে কালীপূজোর আয়োজন করা হয়েছে । জনসাধারণের বাসগৃহগুলিকেও সুন্দর করে আলোর মালায় সাজিয়ে তোলা হয়েছে । কথিত আছে-অযোধ্যার যুবরাজ রামচন্দ্র চৌদ্দ বছর বনবাস শেষে গৃহে ফিরে আসার সময় তাকে আলোকোজ্জ্বল পথ দেখিয়ে নিয়ে আসার জন্য সমগ্র অযোধ্যাবাসী তাদের নগরীকে আলোর মালায় সাজিয়ে তুলেছিলেন। এই ঘটনার সূত্র ধরে আজও দীপাবলী উপলক্ষে আলোকসজ্জার বিশেষ আয়োজন করা হয়ে থাকে ।

---------------------------------------------------------------------------------------

আসামে আগামী ১৩ই নভেম্বর অনুষ্ঠেয় পাঁচটি বিধানসভা আসনের উপ-নির্বাচনের জন্য বিভিন্ন রাজনৈতিক দলের প্রচার অভিযান অব্যাহত রয়েছে । এই উপ-নির্বাচনের জন্য মনোনয়ন পত্রগুলি পরীক্ষা করার পর ধলাই (সংরক্ষিত) আসনে- ন'জন, সিডলি আসনে- তিনজন, বঙাইগাও আসনে আটজন, বিহালী আসনে চারজন প্রার্থীর মধ্যে সবার মনোনয়ন পত্র গৃহীত হয়েছে। এদিকে সামগুড়ি আসনের উপ-নির্বাচনের জন্য মনোনয়ন পত্র দাখিল করা প্রার্থীদের মধ্যে ১১জন প্রার্থীর মনোনয়ন বৈধ বলে বিবেচিত হয়েছে । তবে এরমধ্যে তিনজন প্রার্থীর মনোনয়ন নাকচ হয়ে গেছে । এদিকে ধলাই আসনের নির্দল প্রার্থী অমিয় কান্তি দাস ইতিমধ্যে মনোনয়ন পত্র প্রত্যাহার করে নিয়েছেন ।

ধলাই আসনের উপ-নির্বাচনকে কেন্দ্র করে ধলাই বিধানসভা এলাকার বিভিন্ন স্থানে রাজনৈতিক দলগুলির তৎপরতা বৃদ্ধি পেয়েছে । ধলাই, বড়জালেঙ্গা, ছোটজালেঙ্গা, ধোয়ারবন্দ, আমড়াঘাট, পালংঘাট, নতুন বাজার, নরসিংপুর ইত্যাদি এলাকায় ছোট বড় র‍্যালি, পথসভা ইত্যাদির আয়োজন করা হচ্ছে ।

---------------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রী জগৎ প্রকাশ নাড্ডা ২০২৪ সালের বিশ্ব একতা দিবসের আগে আজ নতুনদিল্লীতে একতার শপথবাক্য পাঠ করান । এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে স্বাস্থ্য প্রতিমন্ত্রী প্রতাপরাও যাদব ও বিভাগীয় সচিব পুণ্য ছালিলা শ্রী বাস্তব সহ প্রবীন আধিকারিকরা শপথ গ্রহণ করেন ।

উল্লেখ্য সর্দার বল্লভভাই প্যাটেলের জন্মবার্ষিকীর সংগে সংগতি রেখে প্রতিবছর ৩১ শে অক্টোবর বিশ্ব একতা দিবস উদযাপন করা হয় ।দেশকে ঐক্যবদ্ধ করে

রাখার ক্ষেত্রে সর্দার প্যাটেলের দৃষ্টিভংগী ও নেতৃত্ব পালন করা গুরুত্বপূর্ন ভূমিকার প্রতি সম্মান জানানোর লক্ষে এই দিবস পালন করা হয় ।

অনুষ্ঠানে ভাষন প্রসংগে স্বাস্থ্য মন্ত্রী শ্রী নাড্ডা এক ভারত শ্রেষ্ঠ ভারত নীতির ভিত সর্দার বল্লভ ভাই প্যাটেল তৈরী করেছিলেন বলে উল্লেখ করেন ।একটি ঐক্যবদ্ধ তথা প্রগতিশীল সমাজের বন্ধনে জাতীয় একতাকে দৃঢ় করার বিষয়ে গুরুত্ব আরোপ করে মন্ত্রী বলেন যে ভারতবর্ষকে অনন্য রুপ প্রদান করা সামগ্রীকতা তথা বৈচিত্র প্রতিফলিত হোয়া নীতিকে কার্যকর করা সরকারের দায়বদ্ধতার মধ্যে পড়ে ।

---

ভারতীয় রেলওয়ে দীপাবলী ও ছটপূজো উপলক্ষে জনসাধারণের সুবিধার প্রতি লক্ষ্য রেখে এক হাজারেরও বেশি বিশেষ চলাচলের ব্যবস্থা করেছে । যাত্রীদের সুবিধার প্রতি লক্ষ্য রেখে বিগত বছরের তুলনায় চলতি বছরে দুহাজার ৫০০রও বেশি বিশেষ ট্রেনের ব্যবস্থা করা হয়েছে । এদিকে উত্তর-পূর্ব সীমান্ত রেলওয়ে দীপাবলী ও ছটপূজো উপলক্ষে উত্তর-পূর্বাঞ্চলে কয়েকটি বিশেষ ট্রেনের ব্যবস্থা করেছে । এই এসম্পর্কে উত্তর-পূর্ব সীমান্ত রেলের মুখ্য জনসংযোগ আধিকারিক কপিঞ্জল কিশোর শর্মা জানিয়েছেন যে- উৎসবের মরশুমে যাত্রীদের অতিরিক্ত ভীড় সামাল দিতেই এই ব্যবস্থা নেওয়া হয়েছে ।

---

আসামে ২০৩০ সালের মধ্যে ৩ হাজার মেগাওয়াট সৌর শক্তি উৎপাদনের লক্ষ্য স্থির করেছে বলে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা প্রকাশ করেছেন । মুখ্যমন্ত্রী বলেন যে রাজ্যে সৌর শক্তির সঞ্চয় ও বিতরণ ব্যবস্থা শক্তিশালী করার জন্য ও পদক্ষেপ গ্রহণ করা হয়েছে ।তিনি বলেন যে বর্ধিত ঘরোয়া ও উদ্যোগিক চাহিদা পূরণের জন্য রাজ্যে স্বচ্ছ শক্তির উৎপাদন বৃদ্ধি করতে বেশ কিছু পদক্ষেপ ও গ্রহণ করা হয়েছে । কার্বি আংলং জেলায় ৫০০ মেগাওয়াট সৌর শক্তি সম্পন্ন প্রকল্প স্থাপন সহ নবীকরণযোগ্য শক্তিক্ষেত্রের সবলীকরণের জন্য ও সরকারী এবং ব্যাক্তিগত অংশীদারিত্বে ব্যবস্থা গ্রহণ করেছে বলে মুখ্যমন্ত্রী জানান ।

---

আসামে ২০০৮ সালের ৩০ শে অক্টোবর সংগঠিত উগ্রপন্থীর ধারাবাহিক বোমা বিস্ফোরনের ঘটনার আজ ১৬ বছর সম্পূর্ন হয়েছে । গৌহাটী , কোকরাঝার , বঙাইগাও ও বরপেটা রোডে সংগঠিত বোমা বিস্ফোরণে বহু লোক প্রাণ হারিয়েছিলেন । মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা উগ্রপন্থীর দ্বারা সংগঠিত ধারাবাহিক বোমা বিস্ফোরণে

প্রাণ হারানো লোকেদের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করেছেন । সারা আসাম ছাত্র সংস্থা আজ সমগ্র রাজ্যে বোমা বিস্ফোরণে  নিহতদের উদ্দেশ্যে বাতি প্রজ্জ্বলনের মাধ্যমে শ্রদ্ধাঞ্জলী অনুষ্ঠানের আয়োজন করে ।গৌহাটীর গনেশগুড়িতে মৃত্যু হোয়া লোকেদের প্রতি শ্রদ্ধাঞ্জলী জ্ঞাপন করে বাতি প্রজ্জ্বলন করা হয় ।

-----------------------------------------------------------------------------------

দীপাবলী উপলক্ষে কাছাড়ের জেলা আয়ুক্ত আগামী পয়লা নভেম্বর এন আই অ্যাক্টের অধীনে জেলায় স্থানীয় ছুটি ঘোষণা করেছেন । এর পরিপ্রেক্ষিতে ঐদিন কাছাড় জেলায় সব সরকারি কার্যালয় বন্ধ থাকবে । তবে বোর্ড বা বিশ্ববিদ্যালয়ের কোনো পূর্বনির্ধারিত পরীক্ষা , সাক্ষাৎকার ইত্যাদি  যথারীতি অনুষ্ঠিত হবে। এছাড়া অত্যাবশ্যকীয় পরিষেবার ক্ষেত্রে এই বন্ধ কার্যকর হবেনা ।

-----------------------------------------------------------------------------------

হাইলাকান্দির অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট এক আদেশে জেলায় অনুমতি ছাড়া সবুজ আতশবাজি বিক্রী নিষিদ্ধ ঘোষণা করেছেন ।জেলার সব চক্র আধিকারীক , অতিরিক্ত ম্যাজিস্ট্রেটদের আতশবাজির দোকানগুলোর জেলা প্রশাসনের কাছ থেকে  অনুমতি নেওয়া আছে কি না তা খতিয়ে দেখতে অতর্কীতে অভিযান চালানোর নির্দেশ দেওয়া হয়েছে ।

-----------------------------------------------------------------------------------

করিমগঞ্জ জেলায় জাতীয় স্বাস্থ্য মিশনের উদ্যোগে গত পয়লা অক্টোবর থেকে মাস ব্যাপী আয়োজিত বিশ্ব মানসিক স্বাস্থ্য মাস পালন আজ সফলভাবে সমাপ্ত হয়েছে ।মাসব্যাপী কার্যসূচীর মধ্যে সমগ্র জেলার বিভিন্ন স্বাস্থ্য প্রতিষ্ঠানের কর্মীদের কর্মক্ষেত্রে মানসিক সুস্থতা বৃদ্ধি করা , সহায়ক , স্থিতিস্থাপক  এবং চাপ সচেতন পরিবেশ সৃষ্টি করার জন্য শিবিরের আয়োজন করা হয় ।

-----------------------------------------------------------------------------------

কাছাড়ের জেলা আয়ুক্ত এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে ন্যাশনেল হাইওয়ে এন্ড ইনফ্রাস্ট্রাকচার ডেভেলপমেন্ট কর্পোরেশন লিমিটেডের কাছাড় জেলায় জাতীয় মহাসড়কের প্রস্তাবিত প্রজেক্ট ম্যানেজমেন্ট ইউনিটের জমি অধিগ্রহণের কাজের মোট ছয়টি পদের জন্য আবেদনের সময়সীমা এক সপ্তাহ বাড়ানো হয়েছে ।আগে এই পদে নিযুক্তির জন্য আবেদনের সময়সীমা গতকাল পর্যন্ত ছিল ।আবেদনপত্র নির্ধারিত সময়ের মধ্যে জেলা আয়ুক্ত কার্যালয়ের উন্নয়ন ভবনে জমা দিতে হবে ।

-----------------------------------------------------------------------------------